

তারিখ 31/01/2014

অনাবাসী(বহির্দেশি)রুপি(এনআরই)আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ

আরবিআই/2013-14/476

ডিবিডিও.নং.ডিআইআর.বিসি.90/13.03.00/2013-14

জানুয়ারি 31, 2014

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক  
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি বাদে)

প্রিয় মহাশয় / মহাশয়া

অনাবাসী(বহির্দেশি)রুপি(এনআরই)আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ

অনুগ্রহ করে আমাদের নভেম্বর 29, 2013 তারিখের সার্কুলার ডিবিডি.ডিআইআর.বিসি.71/13.03.00/2013-14 দেখবেন, যার মাধ্যমে আমরা ব্যাঙ্কগুলিকে বলেছি যে, যে বৃদ্ধিশীল এনআরই আমানতগুলির মেয়াদ তিন বছরের বেশি তাদের কোন উর্ধ্বসীমা ছাড়া সুদ প্রদান করার ব্যাপারে স্বাধীনতা, পর্যালোচনা সাপেক্ষে, জানুয়ারি 31, 2014 পর্যন্ত অপরিবর্তিত থাকবে, যাতে সিআরআর/এসএলআর-এর বাধ্যবাধকতা থেকে প্রদত্ত ছাড়ের লাভ তারা পেতে পারে,

2. পর্যালোচনার ভিত্তিতে এবং ব্যাঙ্কগুলিকে কিছুটা সময় দেওয়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে উপরোক্ত ব্যবস্থা ফেব্রুয়ারি 28, 2014 পর্যন্ত প্রসারিত করা হবে। মার্চ 1, 2014 থেকে সুদের উপর উর্ধ্বসীমা আগস্ট 14, 2013-এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় ফিরে যাবে অর্থাৎ এনআরই আমানতের উপর ব্যাঙ্কের দেওয়া সুদের হার দেশের ভিতরে সমতুল রুপি আমানতের উপর দেওয়া সুদের থেকে বেশি হতে পারবে না।

3. এই বিষয়ে অন্যান্য সমস্ত নির্দেশ, সময়ে সময়ে সংশোধনসহ, অপরিবর্তিত থাকবে।

4. জানুয়ারি 31, 2014 তারিখের সংশোধিত নির্দেশ ডিবিডি.ডিআইআর.বিসি.89/13.03.00/2013-14 সংলগ্ন করা হল।

আপনার বিশ্বস্ত,

(প্রকাশ চন্দ্র সাহু)

মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নী: উপরে যেমন উল্লেখিত

ডিবিডিও.ডিআইআর.বিসি.89/13.03.00/2013-14

জানুয়ারি 31, 2014

**অনাবাসী(বহির্দেশি)রুপি(এনআরই)আমানতের উপর সুদের হারে বিনিয়ন্ত্রণ**

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট,1949-এর ধারা 35A দ্বারা প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, এবং এনআরই (বহির্দেশি) আমানতের উপর সুদের হার বিষয়ক নভেম্বর 29, 2013 তারিখের নির্দেশিকা ডিবিডিও.ডিআইআর.বিসি.70/13.03.00/2013-14-এর সংশোধনের মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনগণের স্বার্থের পক্ষে জরুরি ও উপযোগী বিবেচনা করে এতদ্বারা নির্দেশ দিচ্ছে যে আগস্ট 14, 2013 তারিখের সার্কুলার ডিবিডিও.ডিআইআর.বিসি.39/13.03.00/2013-14 দ্বারা প্রস্তাবিত নির্দেশ ফেব্রুয়ারি 28, 2014 পর্যন্ত বলবৎ থাকবে। মার্চ 1, 2014 থেকে সুদের উপর উর্ধ্বসীমা আগস্ট 14, 2013 -এর পূর্ববর্তী নির্ধারিত উর্ধ্বসীমায় ফিরে যাবে অর্থাৎ এনআরই আমানতের উপর ব্যাঙ্কের দেওয়া সুদের হার দেশের ভিতরে সমতুল রুপি আমানতের উপর দেওয়া সুদের থেকে বেশি হতে পারবে না।

(বি মহাপাত্র)

নির্বাহী অধিকর্তা